

**Embassy of the People's
Republic of Bangladesh**
Zemledelchesky Pereulok 6
119121 Moscow
Russian Federation



**Посольство Народной
Республики Бангладеш**
Земледельческий переулок, 6
119121 Москва
Российская Федерация

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, মস্কোতে আলোচনা সভা আয়োজন।

১০ জানুয়ারী ২০২২:

বাংলাদেশ দূতাবাস, মস্কো যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করেছে। দিবসটি উপলক্ষে দূতাবাসের বঙ্গবন্ধু অডিটোরিয়ামে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয় যেখানে রাশিয়ান ফেডারেশনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান এর সভাপতিত্বে দূতাবাসের সকল কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। এরপর দিবসটি উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করে শোনানো হয়। অতঃপর বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের উপর নির্মিত একটি স্বল্পদৈর্ঘ্য তথ্যচিত্র প্রদর্শন করা হয়। মূল আলোচনাপর্বে দূতাবাসের কর্মকর্তাবৃন্দ তাদের বক্তব্য তুলে ধরেন। বক্তারা বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের প্রেক্ষাপট আলোচনা করে পরবর্তী ঘটনা পরিক্রমা ও তার তাৎপর্য তুলে ধরেন এবং বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে ও পরবর্তীতে সদ্য স্বাধীন দেশকে স্বল্প সময়ের মধ্যে পুনর্গঠনে বঙ্গবন্ধুর বলিষ্ঠ নেতৃত্বের কথা গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন।

মান্যবর রাষ্ট্রদূত এই ঐতিহাসিক দিবস উপলক্ষে আয়োজিত সভার সমাপনী বক্তব্যে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তনের ঐতিহাসিক গুরুত্ব ও স্বাধীন বাংলাদেশের রাজনৈতিক প্রেক্ষাপটে তার সার্বিক প্রভাব সম্পর্কে আলোকপাত করেন। প্রত্যাবর্তন পরবর্তী বহুমাত্রিক সমস্যা সংকুল যুদ্ধবিধ্বস্ত দেশকে সঠিকভাবে পরিচালনার মাধ্যমে একটি স্থিতিশীল অবস্থা আনয়নের দায়িত্ব সম্পাদনে বঙ্গবন্ধুর স্বভাবজাত, অগ্রগামী ও দূরদৃষ্টিসম্পন্ন নেতৃত্বের বিষয়ে রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে বিশেষভাবে তুলে ধরেন।

সবশেষে অনুষ্ঠানে অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে ও সুস্বাস্থ্য কামনা করে এই আয়োজনের পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



Tel : +7 (499) 246-78-04, +7 (499) 246-65-60, Fax : +7 (499) 766-43-00
E-mail : mission.moscow@mofa.gov.bd, bdootmoscow@gmail.com, Web : www.bangladeshembassy.ru